

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬৬৬

আগরতলা, ০৪ জুলাই, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

২৮ জুন, ২০২৪ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত ‘স্বাস্থ্য দপ্তরে ২৪৭ জন ফার্মাসিস্ট নিয়োগ বাস্তবন্দি’ শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে দপ্তর থেকে জানানো হয়েছে গত ২১ ও ২৭ জানুয়ারি, ২০২৪ ফার্মাসিস্ট (এলোপ্যাথিক, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক) ও ল্যাবরেটরি টেকনিশিয়ান পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা সমাপ্ত হয়েছে। উত্তরপত্র মূল্যায়নের কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। মৌখিক ইন্টারভিউ খুব শীঘ্রই নেওয়ার জন্য প্রস্তুতি চলছে।
